

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)



স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে অনুষ্ঠান আয়োজন বিষয়ে পর্যালোচনা সভার
কার্যবিবরণী

সভাপতি	মোঃ নুরুন্নবী মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
সভার তারিখ	০৮ মার্চ ২০২১
সভার সময়	০৩.০০ টায়
স্থান	খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর সভা কক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি সভার শুরুতে সকলকে করোনা পরিস্থিতিতে স্বাস্থ্য বিধি মেনে কাজ করতে বলেন। সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবনে ২৬ মার্চ ২০২১ তারিখে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে মর্মে নির্দেশনা রয়েছে। উপপরিচালক জানান, বিএমডির অফিস ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের ০১ (এক) টি মাত্র ফ্লোরে অবস্থান হওয়ায় এবং ভবনের মূল মালিক জিএসবি হওয়ায় এই নির্দেশনা জিএসবি কর্তৃক প্রতিপালিত হবে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের গত ০৩.০৩.২০২১ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে এবং খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর নিজস্ব কর্মসূচি গ্রহণ করার বিষয়ে আলোচনা হয় এবং নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

২। সিদ্ধান্ত :

- স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে বিএমডির দপ্তরে মুক্তিযুদ্ধ কর্নার স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়;
- স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে ১৬ ডিসেম্বর ২০২১ তারিখে সুবর্ণজয়ন্তী র্যালিতে জেলা প্রশাসন ঢাকার সাথে যোগাযোগ করে র্যালিতে অংশগ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়;
- বিএমডির ওয়েবসাইটে সুবর্ণজয়ন্তী কর্নার স্থাপনের এবং নিয়মিত হালনাগাদকরণের সিদ্ধান্ত গৃহীত হয়;
- স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে ২৬ মার্চ ২০২১ তারিখে খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-তে আলোচনা সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়;
- অফিস আঞ্জিনা পরিষ্কার পরিচ্ছন্ন রাখা ও সৌন্দর্যবর্ধন এবং কিছু ফুলের গাছ ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়;
- স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে গৃহীত কর্মসূচিসমূহ বাস্তবায়নে ব্যয়ভার বিএমডির নিজস্ব বাজেট থেকে বহন করা হবে।

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(NARL)

মোঃ নুরুন্নবী
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

স্মারক নম্বর: ২৮.০৭.০০০০.০০৪.২৩.০০১.৭২(অংশ-৩).৮২

তারিখ: ২৫ ফাল্গুন ১৪২৭

১০ মার্চ ২০২১

অনুলিপি : অবগতি/অবগতি ও কার্যার্থে

- ১) সিনিয়র সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ২) উপপরিচালক (সকল),..... বিএমডি, ঢাকা;
- ৩) সহকারী পরিচালক (সকল)..... বিএমডি, ঢাকা;
- ৪) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিএমডি, ঢাকা;
- ৫) অফিস কপি।



মোসাঃ মাহবুবা খাতুন
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)